

স্মারক নং- ১৩.০১.৩৮০০.০০৫.১৬.০০১.২৪.

তারিখঃ ০৯/০৫/২০২৪ খ্রিঃ।

**--: বিজ্ঞপ্তি :-**

এতদ্বারা বোরো সংগ্রহ ২০২৪ মৌসুমে জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, জয়পুরহাট কর্তৃক অনুমোদিত বিভাজন প্রাপ্ত চালকল মালিকগণের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ১২/০৫/২০২৪ খ্রিঃ হতে ২০/০৫/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ চুক্তি সম্পাদনের নিমিত্তে নিজস্ব প্যাডে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

**মিলারদের আবেদনপত্রের সাথে সংযুক্ত কাগজপত্র সমূহ নিম্নরূপঃ**

১. মিলারের নিজস্ব প্যাডে আবেদনপত্র।
২. আবেদনকারী মিলারের ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
৩. নবায়নকৃত মিলিং এবং খাদ্যশস্য ব্যবসায়ী লাইসেন্সের সত্যায়িত ফটোকপি।
৪. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
৫. হালনাগাদ পরিশোধিত বিদ্যুৎ বিলের ফটোকপি।
৬. মিলের সার্ভে রিপোর্ট এর সত্যায়িত ফটোকপি।
৭. নবায়নকৃত পরিবেশ সনদের সত্যায়িত ফটোকপি।
৮. হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি।
৯. নবায়নকৃত প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি।
১০. ৩০০/- (তিনশত) টাকার মধ্যে ০৪ (চার) টি নন-জ্যুডিশিয়াল ষ্ট্যাম্প।
১১. বিভাজনকৃত সমুদয় পরিমাণ চালের মূল্যের ২% হিসেবে জামানত এবং প্রয়োজনীয় সংখ্যক ৩০ কেজি বস্তার মূল্য বাবদ প্রতিটি ৫৫/- টাকা এবং ৫০ কেজি বস্তার মূল্য বাবদ প্রতিটি ৯০/- টাকা হিসেবে যে কোন সিডিউল ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ২ টি পৃথক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট।

এমতাবস্থায়, জয়পুরহাট জেলার বিভাজন প্রাপ্ত মিল মালিকগণকে আগামী ১২/০৫/২০২৪ খ্রিঃ তারিখ হতে ২০/০৫/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে উপরে বর্ণিত কাগজপত্রসহ সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে বৈধ লাইসেন্সধারী, ভোত অবকাঠামো সম্পন্ন সচল, সংগ্রহ কাজে বারিত নয় এবং জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, জয়পুরহাট কর্তৃক অনুমোদিত বিভাজন প্রাপ্ত, চুক্তিযোগ্য মিল মালিক কর্তৃক দাখিলকৃত পে-অর্ডার, আবেদনপত্রসহ অন্যান্য কাগজপত্র যাচাই-বাছাই করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে ১ম স্বাক্ষী হিসেবে সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এবং ২য় স্বাক্ষী হিসেবে সংশ্লিষ্ট উপজেলা খাদ্য পরিদর্শক/ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষর পূর্বক ঐ দিনই চুক্তি সম্পাদনের জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো।

উল্লেখ্য যে, ২০/০৫/২০২৪ খ্রিঃ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে কোন সিদ্ধ চালকল মালিক চুক্তি সম্পাদনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট মিলের সাথে আর কোন চুক্তি সম্পাদন করা হবে না এবং বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বা.  
(মো: কামাল হোসেন)  
জেলা খাদ্য নিয়ন্ত্রক  
জয়পুরহাট।  
ফোন নং-০২-৫৮৯৯১৫৬৮৬  
e-mail - def.jpt@dgfood.gov.bd  
তারিখঃ ০৯/০৫/২০২৪ খ্রিঃ।

স্মারক নং- ১৩.০১.৩৮০০.০০৫.১৬.০০১.২৪.২৫৫২

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে।

- ১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ..... জয়পুরহাট।
- ৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল), ..... জয়পুরহাট।
- ৮। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, জয়পুরহাট এলএসডি, জয়পুরহাট।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল), ..... এলএসডি, জয়পুরহাট।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা চালকল মালিক গুপ, জয়পুরহাট।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা মিল মালিক সমিতি (সকল) ..... জয়পুরহাট।
- ১২। নোটিশ বোর্ড। অত্র দপ্তর।

জেলা খাদ্য নিয়ন্ত্রক  
জয়পুরহাট।